



ড. ইউনুস-তারেক রহমানের বৈঠকে এনসিপি নেতা আদীবের প্রতিক্রিয়া



আরিফুল ইসলাম আদীব

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বৈঠকের পর দেওয়া যৌথ বিবৃতির প্রতিক্রিয়া জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি- এনসিপি সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব।

আজ শুক্রবার (১৩ জুন) জাতীয় নাগরিক পার্টি- এনসিপি সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব বলেন, নির্বাচনের পূর্বে জুলাই ঘোষণাপত্র, জুলাই সনদ, বিচার ও নির্বাচন কমিশন পুনর্গঠন করতে হবে। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বৈঠকের পর যে যৌথ বিবৃতি দেওয়া হয়েছে, তা অন্য রাজনৈতিক দলগুলোর সঙ্গে বিমাতাসুলভ আচরণ করা হয়েছে। এসময় তিনি আরও বলেন, "পাশাপাশি একটি দলের সঙ্গে আলোচনা করে জাতীয় নির্বাচনের তারিখ পুনর্বিবেচনা করার মধ্য দিয়ে বাকিসব রাজনৈতিক দলগুলোকে অবমূল্যায়ন করা হয়েছে। নির্বাচনের তারিখ ঘোষণা করার আগে জুলাই আন্দোলনে ভূমিকা রাখা রাজনৈতিক দল, শহীদ পরিবারসহ সংশ্লিষ্ট সবার মতামত নিতে হবে।"

যৌথ বিবৃতিতে সব প্রস্তুতি সম্পন্ন করা গেলে আগামী ২০২৬ সালের রমজান শুরু হওয়ার আগের সপ্তাহেও নির্বাচন আয়োজন করা যেতে পারে। সেক্ষেত্রে সেই সময়ের মধ্যে সংস্কার ও বিচারের বিষয়ে পর্যাপ্ত অগ্রগতি অর্জন করা একান্ত প্রয়োজন হবে। এ শর্তকে স্বাগত জানান জাতীয় নাগরিক পার্টি- এনসিপি সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব।